তারিখ ...... পৃষ্ঠা ৩ কলাম ......

# তেজগাঁও বিজ্ঞান কলেজে সন্ত্রাসীদের তাণ্ডব ॥ কয়েক শিক্ষক লাঞ্ছিত

স্টাফ রিপোর্টার ॥ যোগ্যতা ছাড়াই ভর্তির দাবিতে তেজগাঁও সরকারী বিজ্ঞান কলেজে সন্ত্রাসীরা তাণ্ডবলীলা চালিয়েছে। রবিবার সন্ত্রাসীরা কলেজের এক কর্মচারীকে বেদম পিটিয়ে কলেজের কয়েক শিক্ষককেও লাঞ্ছিত করে। কলেজ কর্তৃপক্ষ ঘটনার সত্যতা স্বীকার করেছে। জানা গেছে, গত ৯ আগস্ট এ নিয়ে তেজগাঁও থানায় একটি মামলা দায়ের করা হয়। পুলিশ এ ঘটনায় স্থানীয় সন্ত্রাসী কাজী মুজিবুর রহমান, কাজী আবদুর রহমান ও শাহাদাত রহমানকে গ্রেফতার করে। রবিবার সন্ত্রাসীরা জামিনে বের হয়ে পুনরায় কলেজে তাণ্ডব চালায়। সন্ত্রাসীরা কলেজের হেড ক্লার্ক আব্দুল মান্নানকে মারধর করে এবং কয়েক শিক্ষককেও লাঞ্ছিত করে। যাবার সময় সন্ত্রাসীরা তাদের ভাই শাহাদাতকে ভর্তি না করা পর্যন্ত রেজাল্ট শীট না টাঙ্গানোর হুমকি দিয়ে চলে যায়।

এ ঘটনার পর তেজগাঁও পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করলেও কাউকে গ্রেফতার করতে পারেনি। কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বলেছেন, কয়েকদিন ধরে এ ধরনের সন্ত্রাসী তাণ্ডবে আমরা আতঙ্কে আছি। তিনি বলেন, এই সন্ত্রাসী কার্যকলাপের ঘটনা স্থানীয় এমপি মেজর (অব) মান্নানকে জানানো হয়েছে।